

৮। (ক) 'সোই কোকিল অব লাখ লাখ ভাকউ
লাখ উদয় করু চন্দা।'

—পদকর্তা কে? এটি কোন্ পর্যায়ে পদ? উদ্ধৃতিটির মর্মার্থ লেখো।

১+১+৩

অথবা, 'কত চতুরানন মরি মরি যাওয়ত
ন তুয়া আদি অবসানা।'

—পদকর্তা কে? পদটি কোন্ পর্যায়ে অন্তর্ভুক্ত? উদ্ধৃতিটির তাৎপর্য

বিশ্লেষণ করো।

১+১+৩

(খ) "ওরে নবমী নিশি, না হইও রে অবসান।

শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান।।"

— পদকর্তা কে? উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+৪

অথবা, "এক আসামী ছয়টা প্যাঁদা, বল মা কিসে সামাই করি।

আমার ইচ্ছা করে, ঐ ছয়টারে, বিষ খাওয়াইয়ে প্রাণে মারি।"

—পদকর্তা কে? পংক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+৪

(গ) "আমার নগরে আইস যত ইচ্ছা চাষ চষ
তিন সন বহি দিহ কর।'

— কার উক্তি? উক্তিটির মধ্যে যে নিরাপত্তার আশ্বাস প্রতিফলিত হয়েছে,

উক্তিটির অর্থ বিশ্লেষণ করে তার তাৎপর্য ব্যাখ্যা করো।

১+৪

অথবা, "খুড়া তুমি হৈলে বন্দী অনুক্ষণ আমি কান্দি
বহু তোমার নাহি খায় ভাত।'

—কে কাকে একথা বলেছে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে বলো।

১+৪

চতুর্থ পত্র—২০১১

পূর্ণমান—১০০

(৫, ১০, ১৫ ও ২০ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০, ৩০০ ও
৩৫০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো। একটি সার্থক
বাংলা ট্রাজেডি নাটকের বিস্তারিত পরিচয় দাও।

৪+৬+১০

অথবা, যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

১০×২

(ক) পৌরাণিক নাটক, (খ) ঐতিহাসিক নাটক, (গ) একাক্ষ (ঘ) মেলোড্রামা।

২। ন্যাশনাল থিয়েটারের সূত্রপাত কীভাবে হয়? এই থিয়েটারের প্রথম পর্বের
ইতিহাস ও অভিনয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করে বঙ্গীয় নাট্যশালার ইতিহাসে
এর তাৎপর্য ও গুরুত্ব কতখানি তা দেখাও।

৪+১০+৬

অথবা, যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ১০×২

(ক) জোড়াসাঁকো নাট্যশালা, (খ) বাগবাজার অ্যামেচার থিয়েটার, (গ) নাট্যনিয়ন্ত্রণ বিল (ঘ) লেবেডফ ও বেঙ্গলী থিয়েটার।

৩। (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনটির নামকরণের স্বার্থকতা বিচার করো। ১০
অথবা, (খ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের অপ্রধান চরিত্রগুলি কতদূর সার্থক হয়েছে দেখাও। ১০

৪। (ক) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’ প্রহসনে মধুসূদন ‘ভগ্ন শিবমন্দির’ কে কীভাবে তাৎপর্যপূর্ণ করে তুলেছেন তা আলোচনা করে দেখাও। ১০

অথবা, (খ) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’ প্রহসনের সংলাপের উপযোগিতা ও গুরুত্ব বিচার করো। ১০

৫। (ক) ‘মুক্তধারা’ নাটকের সঙ্গীত কীভাবে নাটকটির মূল বক্তব্য প্রকাশে সহায়ক হয়েছে দেখাও। ১৫

অথবা, (খ) ‘ধনঞ্জয় হচ্ছে যন্ত্রের হাতে মারখানেওয়ালার ভিতরকার মানুষ।’ চরিত্রটি বিশ্লেষণ করে এই বক্তব্য কতদূর সঙ্গত তা আলোচনা করো। ১৫

৬। (ক) ‘টিনের তলোয়ার’ নাটকের বেণীমাধব চরিত্রটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ১৫

অথবা, ‘টিনের তলোয়ার’ নাটকের আবেদন একালেও কতটা প্রাসঙ্গিক তা আলোচনা করে দেখাও। ১৫

৭। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) ‘মানুষের ভিতরকার রহস্য বিধাতা বাইরের কোথাও না কোথাও লিখে রেখে দেন; আমার অন্তরের কথা আছে ওই মুক্তধারার মধ্যে।’

— বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন? একথার তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

অথবা, “দেবতা তাদের কেবল জলই দিয়েছেন, আমাকে দিয়েছেন জলকে বাঁধবার শক্তি।”—কে, কাকে এই কথা বলেছেন এবং এই উক্তি বক্তার চরিত্রের কোন দিকটি তুলে ধরেছে?

১+১+৩

(খ) “এ প্রসাদ নেবো না, তোমাকে আর পূজেই করব না কোনোদিন।”

— বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন? উক্তিটির তাৎপর্য কী?

১+১+৩

অথবা, “বদলে কি চায়? বিনামূল্যে দাক্ষিণ্য বিতরণ এমন বজ্জাতে সম্ভবে না।”

— বক্তা কে? কার সম্পর্কে বলেছেন? একথা তাৎপর্য কী? ১+১+৩